

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৬

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ মহান আল্লাহ কর্তৃক তাঁর মনোনিত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে মানুষের সাথে যুদ্ধ করার নির্দেশ যতক্ষণ না তারা আল্লাহর প্রতি ঈমান আনোয়ন করে

ذِكْنُ أَمْرِ اللَّهِ جَلَّ وَعَلَا صَغِيَّهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِقِتَالِ النَّاسِ حَتَّى يُؤْمِنُوا بِاللَّهِ

## আরবী

أَخْبُرنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدِ اللَّهِ بْنِ الْفَضْلِ الْكَلَاعِيُّ بِحِمْصَ حَدَّثَنَا عَمْرُو بْنُ عُبَيْدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ سَعِيدِ حَدَّثَنَا أَبِي حَدَّثَنَا عُبِيْدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ مَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وكان أبو بكر بَعْدَهُ وَكَفَرَ مَنْ لَغُورَ مِنَ الْعَرَبِ قَالَ: لَمَّا أَبُو مُمَرُ: يَا أَبًا بَكْرٍ كَيْفَ تُقَاتِلُ النَّاسَ وَقَدْ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وكان أبو بكر بَعْدَهُ وكَفَرَ مَنْ الْعَبُو وَسَلَّمَ: (أُمِرْتُ أَنْ أُقاتِل النَّاسَ حَتَّى يَقُولُوا: لَا إِلَهَ إِلَّا اللَّهُ فَمَنْ قَالَ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ غَمَنُ عَلَى اللَّهُ عَصَمَ مِنِي مَالَهُ وَنَفْسَهُ إِلَّا بِحَقِّهِ وَحِسَابُهُ عَلَى اللَّهِ)؟ قَالَ أَبُو بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: وَاللَّهِ لَأَقَاتِلَنَّ مَنْ فَرَّق بَيْنَ الصَّلَاةِ وَالزَّكَاةِ فَإِنَّ الزَّكَاةَ مِنْ حَقِّ الْمَالِ وَوَاللَّهِ لَوْ مَنَعُونِي وَاللَّهِ لَأَقُاتِلَنَّ مَنْ فَرَّق بَيْنَ الصَّلَاةِ وَالزَّكَاةِ فَإِنَّ الزَّكَاةَ مِنْ حَقِّ الْمَالِ وَوَاللَّهِ لَوْ مَنَعُونِي وَاللَّهِ لَا أَنْ مَنْ فَرَّق بَيْنَ الصَّلَاةِ وَالزَّكَاةِ فَإِنَّ الزَّكَاةَ مِنْ حَقِّ الْمَالِ وَوَاللَّهِ لَوْ مَنَعُونِي وَاللَّهِ مَا هُو إِلَّا أَنْ رَأَيْتُ أَنِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَقَاتَلْتُهُمْ عَلَى مَنْعِهَا قَالَ عُمَرُ: فَوَاللَّهِ مَا هُو إِلَّا أَنْ رَأَيْتُ أَنْ اللَّهَ قَدْ شَرَحَ صَدْرَ أَبِي بَكْرٍ لِلْقِتَالِ عرفتُ أَنه الحق. الراوي : أَبو هُرَيْرَةَ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الصفحة أو الرقم: 15 المحدث : العلامة حكم المحدث: صحيح ابن حبان

বাংলা

২১৬. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মৃত্যুবরণ করেন, তারপর আবু বকর রাদ্বিয়াল্লাহু আনহু খলীফা হন এবং আরবের যারা কাফের হওয়ার তারা কাফের হয়ে যায়, তখন উমার রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: "হে আবু বকর, আপনি মানুষের সাথে কিভাবে যুদ্ধ করবেন, অথচ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "'আমি আদিষ্ট হয়েছি মানুষের সাথে সংগ্রাম করতে, যতক্ষণ না তারা এই সাক্ষ্য দেয় যে, 'আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই। যে ব্যক্তি বলবে 'আল্লাহ



ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই' সে ব্যক্তি আমার থেকে তার রক্ত ও সম্পদ নিরাপদ করে নিবে। তবে ইসলামের হক ব্যতীত। আর তার হিসাব আল্লাহর উপর বর্তাবে।" আবু বকর রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: "আল্লাহর কসম, অবশ্যই আমি যুদ্ধ করবো তাদের সাথে যারা সালাত ও যাকাতের মধ্যে পার্থক্য করবে। কেননা যাকাত হলো সম্পদের হক। আল্লাহর কসম, যদি তারা একটি ছাগলের বাচ্চাও যাকাত দিতে অস্বীকার করে, যে ছাগলের বাচ্চা তারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে যাকাত হিসেবে দিতো, তবে অবশ্যই আমি তা দিতে অস্বীকার করার কারণে তাদের বিরুদ্ধে যুদ্ধ করবো। উমার রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: "আল্লাহর কসম, এটা এছাড়া আর কিছুই নয় যে, আল্লাহ তা'আলা আবু বকর রাদ্বিয়াল্লাহু আনহুর হৃদয়কে (হকের জন্য) উন্মুক্ত করে দিয়েছিলেন। আমি বুঝতে পারলাম যে, এটিই হক।"[1]

## ফুটনোট

[1] নাসাঈ: ৬/৫; সহীহ আল বুখারী: ১৩৯৯; ইবনু মান্দাহ: ২১৫; বাইহাকী, আস সুনান: ৪/১০৪; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৮৭১৮; মুসনাদ আহমাদ: ২/৫২৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৪০৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন